

১১ মেডিকেল কলেজ উদ্বোধন শিক্ষার মান বজায় রাখার নির্দেশ প্রধানমন্ত্রীর

যুগান্তর ডেস্ক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শনিবার আরও ১১টি সরকারি মেডিকেল কলেজের শিক্ষা কার্যক্রম উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নতুন স্থাপিত এসব প্রতিষ্ঠানের পাশাপাশি বিদ্যমান মেডিকেল কলেজগুলোর শিক্ষার মান বজায় রাখতে স্বাস্থ্য মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রী সকালে গণভবন থেকে ভিডিও বন্ডফারেসের মাধ্যমে নবপ্রতিষ্ঠিত মেডিকেল কলেজগুলোর শিক্ষা কার্যক্রমের উদ্বোধন করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। অনুষ্ঠানটি পরিচালনা করেন স্বাস্থ্য সচিব সৈয়দ মঞ্জুরুল ইসলাম। স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ দিক, সেনাবাহিনী প্রধান জেনারেল ইকবাল করিম উইয়া, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব মো. আবুল কালাম আজাদ ও প্রেস সচিব একেএম শামীম চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন। নতুন এ ১১টিসহ দেশে মোট সরকারি মেডিকেল কলেজের সংখ্যা হল ৩৮।

বাসস জানায়, ১১টি মেডিকেল কলেজ উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, শিগগিরই আরও ৬টি বেসরকারি মেডিকেল কলেজ চালু হবে। এজন্য এসব প্রতিষ্ঠানের শিক্ষার মান কঠোরভাবে নিয়ন্ত্রণ করা এবং এখান থেকে যেন 'রোগী-মারা' কোনো চিকিৎসক বের না হয় সে ব্যাপারে সজাগ থাকতে স্বাস্থ্য মন্ত্রণালয়কে অনুরোধ জানান তিনি।

শিক্ষা কার্যক্রম চালু ১১টি এ নতুন সরকারি মেডিকেল কলেজ হচ্ছে— সিরাজগঞ্জ মেডিকেল কলেজ, টাঙ্গাইল মেডিকেল কলেজ, মানিকগঞ্জ মেডিকেল কলেজ, জামালপুর মেডিকেল কলেজ, পটুয়াখালী মেডিকেল কলেজ, রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রংপুর মেডিকেল কলেজ, যশোর নির্দেশ : পৃষ্ঠা ১৯ : কলাম ১

(শেষ পৃষ্ঠার পর)

সেনাবাহিনী মেডিকেল কলেজ, চট্টগ্রাম, সেনাবাহিনী মেডিকেল কলেজ, কুমিল্লা সেনাবাহিনী মেডিকেল কলেজ ও বগুড়া সেনাবাহিনী মেডিকেল কলেজ।

উদ্বোধন উপলক্ষে ১১টি মেডিকেল কলেজে উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সে ১১টি জেলার জনপ্রতিনিধি ও মেডিকেল কলেজগুলোর প্রশাসনের সঙ্গে কথা বলেন। স্থানীয়ভাবে বের করা হয় আনন্দ শোভাযাত্রা। যুগান্তর ব্যুরো ও প্রতিনিধিদের পাঠানো খবর—

চট্টগ্রাম : চট্টগ্রামে আর্মি মেডিকেল কলেজের উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে চট্টগ্রাম সেনানিবাসে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসম্পদমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, ভূমি প্রতিমন্ত্রী সাইফুল্লাহমান চৌধুরী জাবেদ, সংসদ সদস্য ড. আবু রেজা মুহাম্মদ নেজামউদ্দিন নদভী, মোস্তাফিজুর রহমান চৌধুরী, বেগম সাবিহা নুসা, নগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজম নাসির উদ্দিন, চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ সেলিম মোহাম্মদ জাহাঙ্গীর এবং চট্টগ্রাম সেনানিবাসের ডিওসি মেজর জেনারেল সাবির আহমেদ ও আর্মি মেডিকেল কলেজের অধ্যক্ষ ইমাদউদ্দিন।

রাঙ্গামাটি : রাঙ্গামাটি মেডিকেল কলেজের অস্থায়ী ক্যাম্পাসে অনুষ্ঠান মঞ্চে উপস্থিত ছিলেন সাবেক প্রতিমন্ত্রী লীপংকর তালুকদার, মহিলা এমপি ফিরোজা বেগম চিনু, পার্বত্য সচিব নববিক্রম কিশোর ত্রিপুরা, রাঙ্গামাটি জেলা পরিষদের চেয়ারম্যান নিখিল কুমার চাকমা, রাঙ্গামাটি মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. টিপু সুলতানসহ অন্য কর্মকর্তারা।

টাঙ্গাইল : জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাবেক খাদ্যমন্ত্রী ড. আবদুর রাজ্জাক এমপির সঙ্গে কথা বলেন। এ সময় আরও উপস্থিত ছিলেন,

টাঙ্গাইলের জেলা পরিষদের প্রশাসক ফজলুর রহমান খান ফারুক, আবদুল বাতেন এমপি, একাধকর হোসেন এমপি, মো. ছানোয়ার হোসেন এমপি, মনোয়ারা বেগম এমপি ও হাজেরা সুলতানা এমপি, জেলা প্রশাসক মাহবুব হোসেন, পুলিশ সুপার সালেহ মোহাম্মদ তানভীরসহ স্থানীয় নেতারা। উদ্বোধনের পর শহর একটি বিজয় শোভাযাত্রা বের হয়। পরে মেডিকেল কলেজ ক্যাম্পাসে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে উৎসব পালন করা হয়।

জামালপুর : জেলা শহরের বৈশাখী মেলা মাঠে এক সমাবেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে জামালপুর মেডিকেল কলেজের রাস উদ্বোধন করেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে বক্তব্য রাখেন বঙ্গ ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম, স্থানীয় সংসদ সদস্য সাবেক ভূমিসম্পদ মন্ত্রী রেজাউল করিম হীরা, সাবেক তথ্য ও সংক্ৰতিমন্ত্রী আবুল কালাম আজাদ, ফরিদুল হক খান দুলাল প্রমুখ। ভিডিও কনফারেন্সে অনুষ্ঠানের পরপরই শহরের দয়াময়ী মোড় এলাকা থেকে এক আনন্দ শোভাযাত্রা বের করা হয়।

সিরাজগঞ্জ : সিরাজগঞ্জে শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজের উদ্বোধন ঘোষণা করা হয়েছে। সিরাজগঞ্জ সেবা ইনস্টিটিউট প্রাঙ্গণে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচটি ইমান, সাবেক মন্ত্রণা ও প্রাণিসম্পদমন্ত্রী এবং জেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল লতিফ বিশ্বাস, সিরাজগঞ্জ-২ আসনের সংসদ সদস্য অধ্যাপক ডা. খাবিরে দিল্লাত মুন্না, সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য সেলিনা বেগম হুগা, জেলা প্রশাসক বিল্লাল হোসেন, জেলা পুলিশ সুপার এসএম এমরান হোসেন, সাধারণ সম্পাদক আবু মোহাম্মদ গোলাম কিবরিয়া, জেলা সিভিল সার্জন ডা. মো. শামসুদ্দিন, কেন্দ্রীয় মহিলা আওয়ামী লীগের বন ও পরিবেশবিষয়ক সম্পাদিকা জামাত আরা তালুকদার হেনরীসহ বিভিন্ন সরকারি কর্মকর্তা, আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতা, মুক্তিযোদ্ধা, চিকিৎসক, নার্স ও সর্বতরের জনসাধারণ উপস্থিত ছিলেন।